

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৩৫(আগরতলা ২০।১)

অমরপুর, ২০ জানুয়ারি, ২০২৪

অমরপুরে ৪৬তম ককবরক সাল উদযাপন

অমরপুর ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে গতকাল ৪৬তম ককবরক সাল উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক রঞ্জিত দাস বলেন, মাতৃভাষা মাতৃ দুগ্ধের সমান। এই সকল ভাষারই নিজস্ব গুরুত্ব রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমা শাসক অমরেশ বর্মণ, মহকুমা পুলিশ আধিকারিক দেবাজলি রায় সহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ। এ উপলক্ষে বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। অমরপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, অমরপুর দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়েও এ ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়।
